তারিখ 01 AUG 2016
পৃষ্ঠা কলাম

দৈনিক
জনকণ্ঠ

# মাস্টার্সে ভর্তির সুযোগ দাবিতে মানববন্ধন

**স্টাফ রিপোর্টার, গাজীপুর ।** ২০১৩-১৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্বে নিয়মিত কোর্সে ভর্তির সুযোগের দাবিতে রবিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ফটকের সামনে মানববন্ধন করেছে শিক্ষার্থীরা।

২০১৩-১৪ শিক্ষাবর্ষে মাস্টার্সে নিয়মিত কোর্সে ভর্তির সুযোগের দাবিতে মানববন্ধনে অংশ নেয়া শিক্ষার্থী পিয়াস আকন্দ জানান, ২০০৯-১০ শিক্ষাবর্ষের (সম্মান) চূড়ান্তপর্বের পরীক্ষার ফল প্রকাশ হয়েছে। কিন্তু ওই বর্ষের বেশকিছু শিক্ষার্থী তৃতীয় বর্ষের কোন একটি বিষয়ের ফল খারাপ হলে মানোন্নয়ন পরীক্ষায় অংশ নেয়। ওই মানোন্নয়ন পরীক্ষার ফল প্রকাশ বিলম্বিত হওয়ায় তাদের ২০১৩-১৪ শিক্ষাবর্ষে মাস্টার্সে ভর্তির সময় চলে যায়। এতে কয়েক হাজার শিক্ষার্থী মাস্টার্সে ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হয়। এ ব্যাপারে ২৫ জুলাই শিক্ষার্থীরা আলাদাভাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে লিখিত আবেদন নিয়ে গেলে তিনি জানান, মাস্টার্সে ভর্তির আর সুযোগ নেই। এছাড়া ২০০৯-১০ শিক্ষাবর্ষের অনার্সের চূড়ান্ত ফল প্রকাশ হলেও ওই ফলাফলে তাদের সিজিপিএ (অনার্স শ্রেণীতে চার বর্ষের ফলের যোগফল) যোগ না হওয়ায় ওই শিক্ষার্থীরা মাস্টার্সে ভর্তি কিংবা কোথাও চাকরির আবেদন করতেও সুযোগ পাচ্ছে না। দ্রুত এ সিজিপিএ'র ফল প্রকাশ করে ২০১৩-১৪ শিক্ষাবর্ষে মাস্টার্সের নিয়মিত কোর্সে ভর্তির সুযোগের দাবিতে রবিবার দুপুর একটা থেকে দুটো পর্যন্ত ঘণ্টাব্যাপী বিভিন্ন কলেজের অর্ধশতাধিক শিক্ষার্থী মানববন্ধন করেছে।